



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৭

২৪ আশ্বিন ১৪৩০

তারিখ: -----

০৯ অক্টোবর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষিভিত্তিক হিমাগার শিল্পের ঋণ পুনঃতফসিলিকরণে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৩, তারিখ: ১৩ জুলাই ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। উল্লিখিত সার্কুলারের ৪) নং অনুচ্ছেদে ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণের লক্ষ্যে আগ্রহী গ্রাহক কর্তৃক নগদে ডাউন পেমেন্ট জমাপূর্বক সার্কুলার জারির ৯০ দিনের মধ্যে অর্থায়নকারী ব্যাংকের নিকট আবেদন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু নিয়ন্ত্রণ বহির্ভূত বিভিন্ন কারণে এ খাতের উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহক অদ্যাবধি সার্কুলারে বর্ণিত সুবিধা গ্রহণের লক্ষ্যে প্রাক-শর্তাদি পূরণ করে সংশ্লিষ্ট ব্যাংক বরাবর আবেদন দাখিলে সমর্থ হয়নি মর্মে জানা যায়।
- ০৩। এমতাবস্থায়, কৃষিভিত্তিক হিমাগার শিল্পখাতের গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাপূর্বক অর্থায়নকারী ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ০৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২